

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩১৩

আগরতলা, ২৮ মে, ২০২৪

সাংবাদিক সম্মেলনে বিদ্যুৎমন্ত্রী  
রেমালের প্রভাবে প্রাথমিক তথ্যে বিদ্যুৎ  
দপ্তরের ক্ষতি প্রায় ২ কোটি ৫০ লক্ষ টাকা

ঘূর্ণিঝড় রেমালের প্রভাবে গতকাল রাজ্যের বিদ্যুৎ পরিষেবা অনেকটাই বিপর্যস্ত হয়েছে। ঘূর্ণিঝড়ের এই তান্ডবের মধ্যেও বিদ্যুৎকর্মী, ঠিকেদার সংস্থা, প্রকৌশলীগণ যুদ্ধকালীন পরিস্থিতিতে রাজ্যের বিদ্যুৎ ব্যবস্থাকে স্বাভাবিক করার চেষ্টা চালিয়ে গেছেন। প্রাথমিক হিসাব অনুযায়ী বিদ্যুৎ দপ্তরের প্রায় ২ কোটি ৫০ লক্ষ টাকার ক্ষতি হয়েছে। আজ সচিবালয়ে প্রেস কনফারেন্স হলে এক সাংবাদিক সম্মেলনে বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ একথা জানান। বিদ্যুৎমন্ত্রী জানান, ঘূর্ণিঝড় রেমালের প্রভাবে প্রাথমিক তথ্য অনুযায়ী আগরতলা সহ সারা রাজ্যে ৬৮৬টি বৈদ্যুতিক খুঁটি ভেঙ্গে গেছে, ২৩৪ কিমি বিদ্যুতের তার ছিঁড়ে গেছে এবং ৮২টি ট্রান্সফরমার বিকল হয়ে গেছে।

সাংবাদিক সম্মেলনে বিদ্যুৎমন্ত্রী জানান, রাজ্যের বিদ্যুৎ পরিষেবাকে দ্রুত স্বাভাবিক করার লক্ষ্যে প্রতিটি মহকুমায় ৩-৪টি টিম তৈরী করা হয়েছে। প্রতিটি টিমে বিদ্যুৎকর্মী সহ ঠিকেদার সংস্থার ৪-৫ জন সদস্য রয়েছেন। তারা যুদ্ধকালীন পরিস্থিতিতে কাজ চালিয়ে যাচ্ছেন। ফলে আগরতলা ডিভিশনে বিদ্যুৎ সারাইয়ের কাজ আজকের মধ্যে ৮০ শতাংশ এবং মবস্বলে ৫০ শতাংশ করা যাবে বলে বিদ্যুৎমন্ত্রী আশা ব্যক্ত করেন। রাজ্যের বিদ্যুৎ পরিষেবাকে দ্রুত স্বাভাবিক করার লক্ষ্যে রাজ্যের জনগণের সার্বিক সহযোগিতা চেয়েছেন বিদ্যুৎমন্ত্রী। সাংবাদিক সম্মেলনে এছাড়াও ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগমের ম্যানেজিং ডিরেক্টর দেবাশিষ সরকার এবং জেনারেল ম্যানেজার স্বপন দেববর্মা উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*